

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
যশোর সদর, যশোর  
acl.sadar.jessore.gov.bd

নম্বর: ৩১.৪৪.৪১৪৭.০০০.১৬.০০৩.২৩.২৪৩

১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নামজারী মামলার শুনানি সংক্রান্ত ঘোষণা।

এতদ্বারা নামজারী মামলার আবেদনকারী/ প্রতিনিধিগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে,

১। মোবাইলে নামজারী মামলার শুনানির মেসেজ / ভয়েস কল নিয়মিতভাবে প্রদান করা হয়ে থাকে। তবে সকল নামজারী মামলার ক্ষেত্রে সরাসরি শুনানি বাধ্যতামূলক নয়। নামজারী নথি পর্যালোচনায় সরাসরি শুনানি প্রয়োজন বলে প্রতীয়মান হলে সে সমস্ত মামলায় অত্রাফিস হতে জারীকারকের মাধ্যমে বাদী-বিবাদী বরাবর নোটিশ জারী করা হয়। **সাধারণত সপ্তাহের বৃহস্পতিবারসহ সুবিধাজনক অন্যকোন দিনে** এই মামলাসমূহের শুনানি গ্রহণ করা হয়ে থাকে।

২। সাধারণত একটি দলিলমূলে আবেদন, সাম্প্রতিক সময়ে রেজিস্ট্রিকৃত দলিলমূলে আবেদন এবং সাম্প্রতিক সময়ে নিষ্পন্ন নামজারী হতে নামজারীর ক্ষেত্রে শুনানির প্রয়োজন হয় না। এসব ক্ষেত্রে মোবাইলে মেসেজ/ ভয়েস কল প্রেরিত হলেও শুনানি প্রয়োজন হয় না। তাই, এসকল ক্ষেত্রে মেসেজের মাধ্যমে প্রাপ্ত দিনে হাজিরা দাখিলের আবশ্যিকতা নেই।

৩। নিম্নোক্ত ক্ষেত্রে আবশ্যিকভাবে শুনানির জন্য নোটিশ জারী করা হয়ে থাকে-

- ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল/ দেওয়ানী মামলার রায়-ডিক্রিমূলে নামজারী আবেদন
- রেকর্ডীয় মালিকের মৃত্যুতে (এক বা একাধিক ওয়ারিশ কর্তৃক) আংশিক ওয়ারিশসূত্রে হস্তান্তর
- কেবল ওয়ারিশসূত্রে নামজারী জমা-ভাগের আবেদন
- একাধিক দলিলমূলে দাখিলকৃত নামজারী আবেদন
- পুরাতন/ জরিপপূর্ব/ জরিপ চলাকালে সম্পাদিত দলিলমূলে দাখিলকৃত নামজারী আবেদন
- জরিপ চলাকালে মাঠপর্চামূলে হস্তান্তরিত জমির নামজারী আবেদন
- সরকারী স্বার্থ সংশ্লিষ্ট জমির নামজারীর ক্ষেত্রে (অর্পিত/ পরিত্যক্ত/ খাস/ ব্রাণ/ অধিগ্রহণ ইত্যাদি)
- প্রার্থিত সম্পত্তির স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি কর্তৃক আপত্তি দাখিল হলে
- প্রার্থিত সম্পত্তি সংক্রান্ত দেওয়ানী আদালত/ উচ্চতর আদালতে/ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে কোন মামলা চলমান থাকলে
- প্রার্থিত সম্পত্তি সংক্রান্ত সহকারী কমিশনার (ভূমি) এর দপ্তরে কোন বিবিধ মামলা (মিস. কেস/ রিভিউ কেস) চলমান থাকলে
- প্রার্থিত সম্পত্তি সংক্রান্ত অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের কার্যালয়ে কোন আপীল/ রিভিশন মামলা চলমান থাকলে



২৮-০২-২০২৪

মোঃ মাহমুদুল হাসান  
সহকারী কমিশনার (ভূমি)

অনুলিপি (সদয় অবগতি/ সদয় অবগতি ও কার্যার্থে):

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), যশোর;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর (বহল প্রচারের অনুরোধসহ) এবং
- ৩। দাপ্তরিক ওয়েবসাইট/নোটিশ বোর্ড।

